

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

তারিখঃ ১১/০৫/২০২৬খ্রিঃ

দপ্তর আদেশ নং- ৬৬৯/২০২৬

জনাব মোঃ শাহ্ কামাল মিয়া, শুল্ক আদায়কারী, বন্দর ও পরিবহন বিভাগ, আরিচা নদী বন্দর, বিআইডব্লিউটিএ, আরিচা কর্তৃক চেয়ারম্যান মহোদয় বরাবর একটি অভিযোগপত্র দাখিল করা হয় (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগপত্রে উল্লেখ করা হয় যে, গত ২২/০৪/২০২৬খ্রিঃ তারিখ আনুমানিক দুপুর ১২.৩০ ঘটিকার সময় ৪(চার) জন কর্মচারী যথাক্রমে (১) জনাবা কেনী আক্তার, অফিস সহায়ক, বন্দর ও পরিবহন বিভাগ, আরিচা নদী বন্দর, বিআইডব্লিউটিএ, আরিচা (২) জনাব মোঃ মাহমুদুল হাসান, সহকারী, বন্দর ও পরিবহন বিভাগ, আরিচা নদী বন্দর, বিআইডব্লিউটিএ, আরিচা (৩) জনাব মোঃ কায়েজ জামান জীম, নিম্নমান সহকারী/মুদ্রাক্ষরিক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা এবং (৪) জনাব মোঃ তুষার মল্লিক, পাইলট, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা একত্রিত হয়ে পরিকল্পিত ভাবে জনাব মোঃ শাহ্ কামাল মিয়া-কে অকথ্য ভাষায় গালি-গালাজ করে বার্ষিক বনভোজন এর হিসাব দিতে বলে, আর না হয় ১০,০০০/- টাকা দাবি করেন। এছাড়া তারা ক্ষিপ্ত হয়ে লাঠি দিয়ে জনাব মোঃ শাহ্ কামাল মিয়া-কে এলো পাথারী মারে এবং এক পর্যায়ে মাথায় লাঠি দিয়ে স্ব-জোরে আঘাত করার ফলে তার মাথা ফেটে রক্ত বের হয়। উল্লিখিত অভিযোগের বিষয়ে সরেজমিনে যাচাই-বাছাই পূর্বক সত্যতা নিরূপণ, প্রকৃত তথ্য উদঘাটন এবং দায়ী ব্যক্তিদের চিহ্নিতকরণ সহ পরবর্তী করণীয় বিষয়ে প্রতিবেদন দাখিলের নিমিত্ত নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলো :

- | | |
|---|---------|
| (১) জনাব মোঃ মামুন-অর-রশিদ
উপ-পরিচালক
ক্রয় ও সংরক্ষণ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা। | আহবায়ক |
| (২) জনাব মোঃ কামরুল ইসলাম
সহকারী পরিচালক
নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা। | সদস্য |

২। তদন্ত কমিটির কার্যপরিধি (TOR) নিম্নরূপঃ

- ক) অভিযোগের বিষয়ে সরেজমিনে যাচাই-বাছাই পূর্বক সত্যতা নিরূপণ, প্রকৃত তথ্য উদঘাটন এবং দায়ী ব্যক্তিদের চিহ্নিতকরণ সহ পরবর্তী করণীয় নির্ধারণ করবেন;
- খ) ১০(দশ) কর্মদিবসের মধ্যে সুনির্দিষ্ট সুপারিশ সহ তদন্ত প্রতিবেদন কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের নিকট পেশ করবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত
(নাহিদা বিনতে সাঈদ)
উপ-পরিচালক (মানব সম্পদ)



নথি নং-১৮.৭০৭.০২৭.০০.০০.০৪৮.২০১৫/৩৬৯

তারিখঃ ২১/০৫/২০২৬খ্রিঃ

বিতরণঃ

- (১) জনাব মোঃ মামুন-অর-রশিদ, উপ-পরিচালক, ক্রয় ও সংরক্ষণ বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।
- (২) জনাব মোঃ কামরুল ইসলাম, সহকারী পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

অনুলিপিঃ

- ০১। পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০২। পরিচালক, ক্রয় ও সংরক্ষণ বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৩। পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৪। পরিচালক, আইসিটি বিভাগ, বিআইডব্লিউটিএ, ঢাকা
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। যুগ্ম-পরিচালক, নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা।
- ০৬। যুগ্ম-পরিচালক, বন্দর ও পরিবহন বিভাগ, বিআইডব্লিউটিএ, আরিচা।
- ০৭। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৮। ব্যক্তিগত সহকারী, সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিআইডব্লিউটিএ, ঢাকা।
- ০৯। নথি।

নওশীন
২১/০৫/২০২৬
উপ-পরিচালক (মানব সম্পদ)